

## সভারে ডেন্টাল কলেজে শিক্ষকদের পিটুনিতে ১৫ শিক্ষার্থী আহত

স্টাফ রিপোর্টার, সাতার

সাতারের গণস্বাস্থ্য সমাজিক মেডিকেল কলেজের ডেন্টালের শিক্ষার্থীদের পিটিয়ে আহত করেছে ওই কলেজের শিক্ষক ও কর্তৃপক্ষের লোকজন। বৃহস্পতি বিকালে সাতারের বিশমাইল এলাকায় কলেজের বিএমডিসির অনুমোদনের বিষয়ে জানতে চাওয়ায় শিক্ষকরা উত্তেজিত হয়ে এ ঘটনা ঘটান। এতে ডেন্টাল কলেজের ১৫ শিক্ষার্থী আহত হয়। এদের মধ্যে ফাতিয়া তাসনিম বৃশরা নামে এক শিক্ষার্থীর অবস্থা গুরুতর। তাকে গণস্বাস্থ্য হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত শিক্ষার্থীদের মধ্যে, আলমগীর হোসেন, বিপাশা ভরী, মোহাম্মদ আরিফুল ইসলাম, নাসরিন আক্তার রুবা ও ফহিমাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত শিক্ষার্থীরা অভিযোগ করে বলে, ২০১২-১৩ শিক্ষাবর্ষে তারা ৩৮ শিক্ষার্থী গণস্বাস্থ্য সমাজিক ডেন্টাল কলেজে ভর্তি হয়। তবে ভর্তির আগে বিএমডিসির অনুমোদন আছে বললেও ২০০৮ সালের পর থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠানটির অধিভুক্ত বাতিল করে দেয়। শিক্ষার্থীরা বলে, কর্তৃপক্ষ মিথ্যে কথা বলে প্রতারণা করে তাদের এ কলেজে ভর্তি করিয়েছে। এরপর থেকেই ওই কলেজের ডেন্টালের শিক্ষার্থীরা আন্দোলন শুরু করে। আন্দোলনের একপর্যায়ে কর্তৃপক্ষ বিএমডিসির অনুমোদন নিয়ে আসার আশ্বাস দেয়।

এদিকে বৃহস্পতি শিক্ষার্থীদের সঙ্গে কলেজ ভবনে এক আলোচনার আয়োজন করা হয়। এ সময় শিক্ষার্থীরা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের প্রতারণা ও টালবাহানার কথা তুলে ধরলে গণস্বাস্থ্য সমাজিক ডেন্টাল কলেজের অধ্যক্ষ লায়লা পারভিন তাদের ওপর ক্ষিপ্ত হয়ে উঠেন। একপর্যায়ে ওই কলেজের কমিউনিটি মেডিসিনের শিক্ষক উজ্জ্বল, ইন্টার্নি চিকিৎসক কয়েলসহ ডেন্টাল কর্তৃপক্ষের ১০-১২ জন তাদের ওপর হামলা চালায়। খবর পেয়ে আশুলিয়া থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। গণস্বাস্থ্য ডেন্টালের শেষবর্ষের শিক্ষার্থীরা অভিযোগ করে বলে, ডেন্টাল কর্তৃপক্ষ বিভিন্ন পত্রিকায় মিথ্যা বিজ্ঞাপন দিয়ে প্রতারণার মাধ্যমে তাদের এ কলেজে ভর্তি করেছে। প্রতিষ্ঠানটি বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) অনুমোদিত না হওয়ায় কর্মক্ষেত্রে তাদের শিক্ষা সনদ মূল্যহীন হবে না বলে আশংকা করছে তারা। এ বিষয়ে গণস্বাস্থ্য সমাজিক ডেন্টাল কলেজের অধ্যক্ষ লায়লা পারভিনের মোবাইলে ফোন দেয়া হলে তিনি বলেন, আমি এখন গ্রেট অসুস্থ, আপনি পরে যোগাযোগ করেন বলে সংযোগ কেটে দেন। আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মহসিনুল কাদির বলেন, এ বিষয়ে এখন পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।